

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 22-10-2024**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ পঞ্চম জাতীয় জল পুরস্কার প্রদান করেছেন। সেরা জেলা বিভাগে, উত্তরপূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরার ধলাই জেলা সেরা জেলার পুরস্কার পেয়েছে।
- (২) কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক আগরতলা সরকারি ডেন্টাল কলেজে বিডি এস কোর্সে আসন সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিকেলে কাজানে রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন।
- (৪) সিনিয়র মহিলাদের জাতীয় ফুটবলের আসরে আজ গ্রুপের দুটি ম্যাচে সিকিম ও গুজরাট জয়লাভ করেছে।

\*\*\*\*\*

**National Water Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে পঞ্চম জাতীয় জল পুরস্কার ২০২৩ প্রদান করেছেন। নয়টি বিভাগে ৩৮টি পুরস্কার প্রদান করা হয়। এর মধ্যে রয়েছে সেরা রাজ্য, সেরা জেলা, সেরা গ্রাম পঞ্চায়েত, সেরা শহুরে স্থানীয় সংস্থা, সেরা জল ব্যবহারকারী সমিতি এবং সেরা নাগরিক সমাজ। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন যে সরকার জল জীবন মিশনের অধীনে সারা দেশে ৭৮ শতাংশেরও বেশি গ্রামীণ পরিবারকে কলের জলের সংযোগ প্রদান

করেছে। রাষ্ট্রপতি বলেন, ২০১৯ সালে মিশন শুরু হবার সময় মাত্র ১৭শতাংশ গ্রামীণ পরিবারে পরিশ্রুত জলের সুবিধা ছিল। তিনি বলেন যে জল জীবন মিশনের কারণে গ্রামীণ এলাকায় বসবাসকারী মানুষের জীবনে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। তিনি জল সংরক্ষণে রাজ্য সরকারের ভূমিকা গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন। রাষ্ট্রপতি দেশের ভূগর্ভস্থ জলের হ্রাস নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। এবার সেরা রাজ্যের বিভাগে ওড়িশা প্রথম, উত্তরপ্রদেশ দ্বিতীয় এবং গুজরাট ও পুদুচেরি যৌথভাবে তৃতীয় স্থান অধিকার করেছে। সেরা জেলা বিভাগে, উত্তরপ্রদেশের মধ্যে ত্রিপুরা রাজ্যের ধলাই জেলা সেরা জেলার পুরস্কার পেয়েছে। সেরা বিদ্যালয় বিভাগে, রাজস্থানের সিকরের সরকারি উচ্চ প্রাথমিক বিদ্যালয় প্রথম পুরস্কার পেয়েছে। প্রত্যেক পুরস্কার বিজয়ীকে একটি সম্মাননা পত্র ও একটি ট্রফির পাশাপাশি কিছু বিভাগে নগদ পুরস্কার প্রদান করা হয়।

ওড়িশার জলসম্পদ বিভাগের অতিরিক্ত মুখ্য সচিব অনু গর্গ আকাশবাণীকে বলেছেন, রাজ্যে প্রচুর জলাশয় তৈরি করা হয়েছে এবং জল সংগ্রহের কাঠামো স্থাপন করা হয়েছে।

\*\*\*\*\*

#### **CM-Dental College :**

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক আগরতলা সরকারি ডেন্টাল কলেজে বিডি এস কোর্সে আসন সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। স্বাস্থ্য মন্ত্রকের অবর সচিব অমিত কুমার এক চিঠিতে জানিয়েছেন, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আগরতলা সরকারি ডেন্টাল কলেজে বিডি এস কোর্সের জন্য আসন সংখ্যা ৫০ থেকে বাড়িয়ে ৬৩ করা হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আসন সংখ্যা বৃদ্ধির জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডাকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

\*\*\*\*\*

**Beti Bachao Beti Pado-Gomoti :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, রাজ্যে বর্তমানে প্রায় ৫ লক্ষ মহিলা স্বসহায়ক দলের সঙ্গে যুক্ত রয়েছেন। তাছাড়া ১ লক্ষ দিদি কে লাখপতি দিদি বানানোর জন্য কাজ চলছে। এরমধ্যে এখন প্রায় ৮৩,০০০ দিদি লাখপতি হয়ে গেছেন। আজ উদয়পুরের রাজর্ষি হলে গোমতী জেলাভিত্তিক বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। অর্থমন্ত্রী বলেন, আগে কন্যা সন্তানকে সমাজের বোঝা মনে করা হতো। তাদের অবহেলা করা হতো। কন্যা ভ্রূণ হত্যা করা হতো। এই ভাবনা থেকে বেরিয়ে আসার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বেটি বাঁচাও বেটি পড়াও অভিযানের ডাক দিয়েছেন। বর্তমানে এটি একটি স্লোগান নয়, একটি আন্দোলন। রাজ্যেও খুব গুরুত্ব দিয়ে বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচি রূপায়ণ করা হচ্ছে। গোমতী জেলা প্রশাসন, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক এবং জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে বিধায়ক অভিষেক দেবরায়, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার প্রমুখ বক্তব্য রাখেন। এই অনুষ্ঠানে শিক্ষা, খেলাধুলা, সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য ২০০ জন ছাত্রী এবং মহিলাকে সংবর্ধনা দেওয়া হয়।

\*\*\*\*\*

**Minister Bikash Debbarma :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ সচিবালয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসা এন.এল.এফ.টি প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে তিপুরা মথা দলের সভাপতি বিজয় রাংখলও উপস্থিত ছিলেন। বৈঠক শেষে জনজাতি কল্যাণমন্ত্রী জানান, যারা স্বাভাবিক জীবনে ফিরে এসেছেন তাদের সার্বিক উন্নয়নের বিষয়ে বৈঠকে আলোচনা হয়েছে।

\*\*\*\*\*

### **NF RailWay Special Train :**

এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, যাত্রী ভিড় সামলাতে আগামীকাল আগরতলা-শিয়ালদহর মধ্যে একটি বিশেষ ট্রেন চলবে। আগামীকাল সন্ধ্যা ৭টায় এই বিশেষ ট্রেনটি আগরতলা থেকে রওনা হবে এবং শুক্রবার সকাল ৮টা ৪০ মিনিটে শিয়ালদহ পৌঁছুবে। যাত্রাপথে আমবাসা, ধর্মনগর, নিউ হাফলং, লামডিং, গুয়াহাটি, নিউ জলপাইগুড়ি, কিশানগঞ্জ, মালদা টাউন, নিউ ফরাক্কা, রামপুরহাট, সাঁইথিয়া, বোলপুর, বর্ধমান, দক্ষিনেশ্বর সহ ২৯টি স্টেশনে থামবে। আগরতলা রেল স্টেশনের স্টেশন মাষ্টার এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **PM, Russia :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিকেলে কাজানে রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। বৈঠকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাশিয়া-ইউক্রেন দ্বন্দ্ব শান্তিপূর্ণ উপায়ে সমাধান করা উচিত বলে ভারতের অবস্থান পুনর্ব্যক্ত করেছেন।

নতুনদিল্লি মানবিক প্রচেষ্টাকে অগ্রাধিকার দিয়ে শান্তি ও স্থিতিশীলতার দ্রুত প্রত্যাবর্তনকে সম্পূর্ণভাবে সমর্থন করে উল্লেখ করে তিনি বলেন যে ভারত এই বিষয়ে সম্ভাব্য সব ধরনের সহযোগিতা দিতে প্রস্তুত। তিনি আরও বলেন, ব্রিকস ১৫ বছরে তার বিশেষ পরিচয় তৈরি করেছে এবং এখন বিশ্বের অনেক দেশ এই গোষ্ঠীতে যোগ দিতে চায়। রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন কাজানে ভারতের কনসুলেট খোলার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। এর আগে ষোড়শ ব্রিকস্ সম্মেলনে যোগ দিতে কাজানে পৌঁছলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়।

\*\*\*\*\*

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ বলেছেন যে ভারত দ্বিতীয় শ্বেত বিপ্লবের জন্য প্রস্তুতি নিচ্ছে যার লক্ষ্য দেশের ৮ কোটি দুধ উৎপাদনকারী কৃষকদের আগামীদিনে সমবায় পরিকাঠামোর সাথে সংযুক্ত করা। আজ আনন্দে ন্যাশনাল ডেইরি ডেভেলপমেন্ট বোর্ডের হীরক জয়ন্তী উদযাপনে ভাষণ দিতে গিয়ে শ্রী শাহ বলেন, বর্তমানে দুধ উৎপাদনকারী কৃষকদের মধ্যে মাত্র দেড় কোটি সমবায়ের সঙ্গে যুক্ত এবং তাদের অধিকাংশই এখনও শোষণের শিকার।

তিনি বলেন, ভারতের দুগ্ধ ক্ষেত্র বার্ষিক ৬ শতাংশ হারে বৃদ্ধি পাচ্ছে যা বিশ্ব গড় থেকে বেশি। তিনি দুগ্ধ শিল্পের সাফল্য এবং দুগ্ধ উৎপাদনকারী কৃষকদের অর্থনৈতিক উন্নয়নে এনডিডিবির গুরুত্বপূর্ণ অবদানেরও প্রশংসা করেন। শ্রী শাহ আগামী পাঁচ বছরে দেশে ২ লক্ষ সমবায় প্রতিষ্ঠার জন্য বিজেপি সরকারের পরিকল্পনা প্রকাশ করেন।

\*\*\*\*\*

**Clay Lamps-Sepahijala :**

আলোর উৎসব দীপাবলিকে উপলক্ষ্যে মাটির প্রদীপ বানানোর ব্যস্ততা চলছে সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার মেলাঘরের পাল পাড়ায়। এলাকার প্রায় শতাধিক পরিবার যুক্ত রয়েছেন মৃৎশিল্পের সঙ্গে। দূর্গা, লক্ষ্মী থেকে শুরু করে সারা বছর বিভিন্ন দেবদেবীর মূর্তি নির্মাণ করে তাদের বেশিরভাগেরই সংসার প্রতিপালিত হয়। অনেকেই তৈরী করেন টেরাকোটার ঘর সাজানোর জিনিস-পত্র থেকে শুরু করে হাড়ি-পাতিল, থালা-বাসন ইত্যাদি। দুলাল পাল নামের এক মৃৎশিল্পী বলেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভোকাল ফর লোকালের ডাক দিয়েছেন। আলোর উৎসবেও কয়েক বছর যাবৎ সেই ডাকে সারা দিচ্ছেন সাধারণ মানুষ। একসময় দীপাবলিতে বিদেশি লাইটের রমরমা বেড়ে গেলেও এখন আলোর উৎসবে ঘর আলোকিত করতে ফের মানুষ ঝুঁকছে সাবেকি মাটির প্রদীপের দিকে। তাদের তৈরী মাটির প্রদীপ এখন রাজ্য ছাড়িয়ে পাড়ি দিচ্ছে বহিঃরাজ্যেও। লাভও হচ্ছে ভালোই।

\*\*\*\*\*

#### **Tripura Police Recruitment :**

ত্রিপুরা পুলিশে ১ হাজার কনস্টেবল নিয়োগের জন্য আগামী ১৮ নভেম্বর থেকে সাক্ষাৎকার নেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত বিবরণ পুলিশের ওয়েবসাইট [www.police.tripura.gov.in](http://www.police.tripura.gov.in) এ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **Press Meet-Unakoti :**

বিজেপি'র ঊনকোটি জেলা সভাপতি পবিত্র চন্দ্র দেবনাথ আজ কৈলাশহরে এক সাংবাদিক সম্মেলনে জানান, সাম্প্রতিককালে কৈলাশহরে শান্তি ও সম্প্রীতির বাতাবরণ বিনষ্ট করার যারা চেষ্টা করেছেন এবিষয়ে বিজেপি পক্ষ থেকে সহসাই তাদের বিরুদ্ধে পুলিশের কাছে F.I.R করা হবে। তিনি বলেন, বিজেপি দল

চায় কৈলাশহরের সর্বত্র শান্তি ও সম্প্রীতির বাতাবরণ অটুট থাকুক। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, জেলা সাধারণ সম্পাদক অরুণ সাহা, জেলা প্রবক্তা দেবাশিস সেন প্রমুখ।

\*\*\*\*\*

#### **Workshop-Child Protection Comission :**

ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশন ও মিরাকেল ফাউন্ডেশন ইন্ডিয়া উদ্যোগে আজ আগরতলায় মিশন বাৎসল্য এবং ভারতীয় শিশু সুরক্ষা এবং সোশ্যাল ইনভেস্টিগেশন রিপোর্টের উপর এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেবর্মা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অতিরিক্ত অধিকর্তা এল রাখল। শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেবর্মা বলেন কোভিডকালে যে সমস্ত শিশুরা অভিাবকদের হারিয়ে অনাথ হয়েছে তাদের শিক্ষা, স্বাস্থ্য ও মানসিক বিকাশে সহায়তার বিষয়ে এই কর্মশালায় বিস্তারিত আলোচনা হয়।

\*\*\*\*\*

#### **Tobacco Free Youth Campaign-Jolaibari :**

তামাকমুক্ত যুব অভিযানের অঙ্গ হিসাবে আজ দক্ষিণ ত্রিপুরা জেলা তামাক নিয়ন্ত্রণ সেলের উদ্যোগে জোলাইবাড়ি ব্লকের জোলাইবাড়ি, দেবদারু, রামরাইবাড়ি, পিলাক ও দেবদারু বাজার সহ আশেপাশের স্কুল এলাকায় তামাক নিয়ন্ত্রণ আইন ২০০৩ মোতাবেক তামাক বিরোধী অভিযান চালানো হয়। দক্ষিণ জেলা স্বাস্থ্য দপ্তর এবং জোলাইবাড়ি ও দেবদারু চৌকির পুলিশের সহযোগিতায় এই অভিযানের সময় তামাক নিয়ন্ত্রণ আইন ভঙ্গের দায়ে ২০ জন দোকানদারের কাছ থেকে জরিমানা আদায় করা হয়।

\*\*\*\*\*

#### **Drug Seized :**

আমতলী থানার ফুলতলী এলাকা থেকে পুলিশ গতকাল রাতে ১৬ হাজার ইয়াবা ট্যাবলেট এবং ছয় কেজি গাঁজা আটক করেছে। নেশা সামগ্রী মজুত রাখার দায়ে পুলিশ এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে।

\*\*\*\*\*

#### **Women T-20 :**

সিনিয়র মহিলাদের জাতীয় টি-২০ ক্রিকেটের লড়াইয়ে গ্রুপের চতুর্থ ম্যাচেও ত্রিপুরা পরাজিত হয়েছে। লক্ষ্মণৌ'তে অনুষ্ঠিত খেলায় চন্ডিগড় ৮ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করে রাজ্যদল ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১০১ রান করে। জবাবে চন্ডিগড় ১৮ ওভার ২ বল-এ ২ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে।

\*\*\*\*\*

#### **Naidu Trophy :**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে কর্ণাটকের বিরুদ্ধে ত্রিপুরা ইনিংস ও ১৩১ রানে পরাজিত হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে চারদিনের খেলার তৃতীয় দিনে আজ ১ উইকেটে ৪০ রান থেকে ব্যাট করতে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩৪৫ রান করে। এর আগে কর্ণাটক ৫ উইকেটে ৫৮০ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষণা দিয়েছিল। জবাবে রাজ্যদলের প্রথম ইনিংস মাত্র ১০৪ রানে শেষ হয়।

\*\*\*\*\*

#### **Women's Football :**

সিনিয়র মহিলাদের জাতীয় ফুটবলের আসরে আজ গ্রুপের দুটি ম্যাচে সিকিম ও গুজরাট জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালের খেলায় গুজরাট ১৫-০ গোলে চন্ডিগড়কে এবং পরে বিকালে সিকিম ৬-০ গোলে ত্রিপুরাকে হারিয়ে দেয়।



\*\*\*\*\*

**Weather :**

গতকাল পূর্ব মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি আজ সকালে গভীর নিম্নচাপে পরিনত হয়েছে। বর্তমানে এটি পশ্চিমবঙ্গের সাগরদ্বীপ থেকে ৭৩০ কিলোমিটার দক্ষিণ পূর্ব ও বাংলাদেশের খেপুপাড়া থেকে ৭৪০ কিলোমিটার দক্ষিণ পূর্বে অবস্থান করছে। আগামীকাল এই গভীর নিম্নচাপটি ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে উত্তর পশ্চিম দিকে অগ্রসর হতে থাকবে। ২৪শে অক্টোবর সকালের মধ্যে এই ঘূর্ণিঝড়টি উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে তীব্র ঘূর্ণিঝড়ে পরিণত হবে। তখন এর গতিবেগ থাকবে প্রায় ১২০ কিলোমিটার। ঐদিন রাত থেকে ২৫শে অক্টোবর সকালের মধ্যে ঘূর্ণিঝড়টি পুরী ও সাগরদ্বীপের মধ্যে উত্তর উড়িষ্যা ও পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করার সম্ভাবনা রয়েছে।

ঘূর্ণিঝড়ের প্রভাবে আগামীকাল থেকে ২৬শে অক্টোবর পর্যন্ত রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দক্ষিণ জেলায়, ২৪শে অক্টোবর থেকে ২৬শে অক্টোবর পর্যন্ত দক্ষিণ, গোমতি ও সিপাহীজলা জেলার কিছু কিছু স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাছাড়া আগামী ২৪শে অক্টোবর রাজ্যের সব জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*